

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের জুলাই ২০১৭ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : আঃ গাফফার খান, যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩৮, ভবন নং-৩)।  
তারিখ ও সময় : ১৮.০৭.২০১৭ খ্রিঃ, সকালঃ ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত।

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সরকারি প্রশাসনে ইনোভেশনের গুরুত্ব তুলে ধরে বলেন, সরকারি দপ্তরের কার্যক্রমকে আরো সহজীকরণ করতে ইনোভেশন অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এটির মাধ্যমে প্রশাসন বা মাঠ পর্যায়ের কার্যক্রমের সময়, খরচ এবং ভোগান্তি কমানো যায়। তিনি নতুন অর্থ বছরে বিভিন্ন অধিদপ্তর, দপ্তর এবং মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের মাসিক সভা, ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ, প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন অন্তর্ভুক্তি এবং চলমান প্রকল্পগুলো পরিদর্শন নিয়মিত করতে অনুরোধ করেন। সেই সাথে মাসিক সভার কার্যপত্র নিয়মিতভাবে মন্ত্রণালয়ে প্রেরণের পূরণায় নির্দেশ প্রদান করেন। তিনি জানান, ইনোভেশন কমিটির সভার কার্যপত্র নিয়মিত ভাবে প্রধানমন্ত্রীর দপ্তরে প্রেরণ করতে হয়। সঠিক সময়ে প্রেরণ করলে পারফরম্যান্স পয়েন্ট পাওয়া যায়। তিনি নির্বাচিত প্রকল্পগুলো রেল্লিকেশনে নেয়ার জন্য গুরুত্বারোপ করেন। খুব দ্রুত নির্বাচিত প্রকল্পগুলো রেল্লিকেশনে নেয়ার জন্য জনাব মো: আবুল কালাম আজাদ সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয় এর নির্দেশনা রয়েছে। সেই সাথে অসমাপ্ত প্রকল্পগুলোকে সম্পন্ন করে পূরণায় শোকেসিং এর আয়োজন করার পরামর্শ প্রদান করেন।

সভাপতি মহোদয় স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন বিভিন্ন অধিদপ্তর/দপ্তরসমূহকে নতুন অর্থ বছরে ইনোভেশন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণ শুরু করার পদক্ষেপ গ্রহণে অনুরোধ করেন।

অতঃপর জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ অধিশাখা সভাপতির সম্মতিক্রমে কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী কিংবা সংযোজন/বিরোধ না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়।

২. জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য সচিব, ইনোভেশন টিম ইনোভেশন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ বিষয়ে জানান বিগত অর্থ বছরে প্রায় সকল অধিদপ্তর/দপ্তরে দুই দিনের উদ্ভাবনী বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। নতুন অর্থবছরের প্রশিক্ষণের জন্য প্রস্তুতি চলমান রয়েছে। সভাপতি মহোদয় মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তরগুলোকে আগস্ট মাসের মধ্যে চলতি অর্থবছরের দুই দিনের উদ্ভাবনী বিষয়ক প্রশিক্ষণ শুরু করার জন্য অনুরোধ জানান।

৩. সভাপতি মহোদয় প্রশিক্ষণ কারিকুলামে ইনোভেশন কনটেন্ট অন্তর্ভুক্তির বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে উপস্থিত সকল অধিদপ্তর/দপ্তরের প্রতিনিধিগণ অন্তর্ভুক্ত করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

৪. নিয়মিত মাসিক সভার বিষয়ে/দৃষ্টি আকর্ষণ করলে নিমিউ এন্ড টিসি, ঊষধ প্রশাসন অধিদপ্তর ও নাসিং ও মিডওয়াইফারী অধিদপ্তরের প্রতিনিধিগণ মাসিক সভা হয়েছে মর্মে জানান।

৫. মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের অগ্রগতিঃ সভাপতি মহোদয় মাঠ পর্যায়ে ইনোভেশন টিমের অগ্রগতি অবহিত করার প্রতি গুরুত্ব আরোপ করেন। তিনি মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম পরিদর্শনের জন্য উপস্থিত ইনোভেশন অফিসারদের তাগিদ প্রদান করেন। প্রকল্পগুলো পরিদর্শন করলে উদ্ভাবকগণ উৎসাহিত বোধ করবেন। জনাব ডাঃ আনোয়ার হোসেন, সহকারী পরিচালক (পরিকল্পনা), স্বাস্থ্য অধিদপ্তর জানান, অধিদপ্তরের কর্মকর্তাগণ রাজশাহীর পুঠিয়া এবং বরিশালের উজিরপুরের চলমান প্রকল্পগুলো পরিদর্শন করেছেন। সভাপতি মহোদয় মন্ত্রণালয়ের ইনোভেশন কমিটির পক্ষ হতে জুলাই মাসের শেষের দিকে মাঠ পর্যায়ের প্রকল্প পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে বলে জানান। গত শোকেসিং সভায় নির্বাচিত প্রকল্প দুটি দ্রুত রেল্লিকেশনের নেয়ার এবং স্থান বাছাইয়ের উপর আবারো নির্দেশনা প্রদান করেন। সেই সাথে মাঠ পর্যায় থেকে নতুন নতুন প্রকল্প শোকেসিং এ আনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি আরো জানান গত শোকেসিং সভা/ওয়ার্কশপে অংশগ্রহণকৃত অন্যান্য প্রকল্পগুলোর সমস্যা দূর করে রেল্লিকেশনে নেয়ার বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক সমন্বয়ক জনাব মোঃ আবুল কালাম আজাদ নির্দেশনা প্রদান করেছিলেন।

৬. সভাপতি মহোদয় আগামী আগস্ট মাসে সচিব মহোদয়ের সভাপতিত্বে সংশ্লিষ্ট অধিদপ্তরগুলোর মহাপরিচালকবৃন্দ এবং ইনোভেটরদের নিয়ে একটি সভা অনুষ্ঠানের পরামর্শ দেন। এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর ও প্রধানমন্ত্রীর দপ্তরে যোগাযোগ করার নির্দেশনা দেন।

৭. মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শনঃ সভাপতি মহোদয় মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলটসমূহ পরিদর্শনের প্রতি গুরুত্ব আরোপ করেন। তিনি আগামী জুলাই মাসে ইনোভেশন প্রকল্পসমূহ পরিদর্শনের ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান। রাজশাহীর পুঠিয়া ও বরিশালের উজিরপুরের প্রকল্প ২টি রেল্লিকেশনের জন্য বিভাগ, জেলা, উপজেলা বাছাই করে খসড়া তালিকা চলতি মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ জানান।

৮. শোকেসিং ও রেল্লিকেশনঃ সভাপতি মহোদয় কতটি বিভাগে, কোন কোন উপজেলায় প্রকল্প দুটি রেল্লিকেশন করা হবে তা বাছাইয়ের জন্য সচিবকে সভাপতি করে মহাপরিচালক, অনুবিভাগ প্রধান সমন্বয়ে একটি কমিটি গঠন করার পরামর্শ প্রদান করেন। সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী আগস্ট মাসে একটি সভা আহ্বানের উদ্যোগ নিতে বলেন। উক্ত সভায় মহাপরিচালক, মন্ত্রিপরিষদ বিভাগের ইনোভেশন অফিসার, প্রধানমন্ত্রীর কার্যালয়ের ইনোভেশন অফিসার, উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং ইনভেটরদের আমন্ত্রণ জানানোর জন্য অনুরোধ করেন।

৯. বিবিধঃ জনাব মোঃ লুৎফর রহমান, উপসচিব, প্রশাসন-৪ ও সদস্য সচিব, ইনোভেশন টিম বর্তমান কমিটিতে হাসপাতাল, নাসিং অনুবিভাগ এবং মানসম্পদ ব্যবস্থাপনা ইউনিট হতে প্রতিনিধি অন্তর্ভুক্ত করার আবারো অনুরোধ জানান। সভাপতি মহোদয় তাতে সম্মতি জ্ঞাপন করেন।

১০. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১০.১: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে।

১০.২ মন্ত্রণালয় ও অধিদপ্তরকে চলতি অর্থ বছরে পূরণায় ০২ (দুই) দিনের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে;

১০.৩: সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী যথারীতি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

১০.৪: শোকেসিং এর জন্য ইনোভেশন কর্মকর্তাদের সমাপ্ত প্রকল্পগুলো পরিদর্শন করে তালিকা তৈরী করতে হবে।

১০.৫: আগস্ট মাসে নতুন রেল্লিকেশন ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০.৬: অসম্পন্ন প্রকল্পগুলো শোকেসিং এর জন্য প্রস্তুত হয়েছে কিনা তা জানতে অধিদপ্তরগুলোকে পত্র প্রেরণ করতে হবে।

১০.৭: শোকেসিং ওয়ার্কশপের জন্য সচিব, মহাপরিচালকগণ ও ইনোভেটরদের সমন্বয়ে একটি সভা আয়োজন করতে হবে।

১০.৯: পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর শোকেসিং এর মাধ্যমে নির্বাচিত প্রকল্প ২টি রেন্ডিকেশনের জন্য বিভাগ, জেলা, উপজেলা বাছাই করে খসড়া তালিকা চলতি মাসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

১০.১০ বর্তমান ইনোভেশন কমিটিতে হাসপাতাল, নাসিং অনুবিভাগ এবং মানসম্পদ ব্যবস্থাপনা ইউনিট হতে একজন করে প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে।

১১. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ২৬.০৭.২০১৭  
(আ: গাফ্ফার খান)  
যুগ্ম-সচিব (প্রশাসন) ও  
চিফ ইনোভেশন অফিসার

নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০৮.২০১৬-১৭৬

তারিখঃ ২৭.০৭.২০১৭ খ্রিঃ

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. জনাব মোহাম্মদ নাসির উদ্দীন, উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. জনাব হাসান মাহমুদ, উপসচিব (নির্মান/মেরামত এবং ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৩. জনাব মো: মজিবুর রহমান, উপপ্রধান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪. জনাব আহমেদ লতিফুল ইসলাম, সিনিয়র সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নাসিং ও মিডওয়াইফারী অধিদপ্তর), ঢাকা।
৬. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অর্থনীতি ইউনিট), তোপখানা রোড, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৭. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, বা/এ, ঢাকা।
৮. ইনোভেশন অফিসার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১০. ইনোভেশন অফিসার, টেমো, মহাখালী, ঢাকা।

**কার্যার্থেঃ**

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

(মো: লুৎফুর রহমান)  
উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৬২

ই-মেইল-[monitor@mohfw.gov.bd](mailto:monitor@mohfw.gov.bd)